

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন সচিবালয়
১৫, কলেজ রোড, ঢাকা-১০০০

নং-১০.০৩.০০০০.০০০.০০১.১১(ক).০০০৯.২৫.৫৮৪(২)

তারিখঃ ২২ পৌষ, ১৪৩২ বঙ্গাব্দ
০৬ জানুয়ারি, ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয় : 'স্টেনোটাইপিষ্ট/সাঁটমুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর' পদে অস্থায়ী ভিত্তিতে নিয়োগ নিমিত্ত সুপারিশ।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জেলা জজ ও অধস্তন আদালত/ট্রাইব্যুনালসমূহে 'স্টেনোটাইপিষ্ট/সাঁটমুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর' পদে সরাসরি নিয়োগ নিমিত্ত বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন কর্তৃক গৃহীত পরীক্ষাসমূহে প্রাপ্ত নম্বরের ভিত্তিতে উক্ত পদে সুপারিশের জন্য সাময়িকভাবে মনোনীত নিম্নলিখিত প্রার্থীকে তার নামের পাশে প্রদত্ত ছবি ও স্বাক্ষর নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক যাচাইঅন্তে সঠিকতা প্রাপ্তি সাপেক্ষে চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত, টাঙ্গাইল এ স্টেনোটাইপিষ্ট/সাঁটমুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর পদে নিম্নবর্ণিত শর্তে অস্থায়ী ভিত্তিতে নিয়োগের জন্য সুপারিশ করা হলো :

প্রার্থীর নাম : অমিত চক্রবর্তী

পিতার নাম : বান্টু চক্রবর্তী

মাতার নাম : অর্ণনা চক্রবর্তী

জন্ম তারিখ : ৩১.০৩.১৯৯৭ খ্রিঃ



Amit Chakraborty

শর্তসমূহ :

- ১। পুলিশ/নিরাপত্তা ভেরিফিকেশন এবং স্বাস্থ্য পরীক্ষার (ডোপ টেস্টসহ) রিপোর্টে নিয়োগ নিমিত্ত সুপারিশপ্রাপ্ত প্রার্থী অনুপযুক্ত বিবেচিত হলে এ সুপারিশপত্র তাৎক্ষণিকভাবে বাতিল মর্মে গণ্য হবে এবং সংশ্লিষ্ট নিয়োগকারী কর্তৃপক্ষ প্রার্থীকে অব্যাহতি প্রদান করবে।
- ২। আগামী ১২.০১.২০২৬ খ্রিঃ তারিখের মধ্যে যোগদানের নিমিত্ত সুপারিশপ্রাপ্ত প্রার্থীর অনুকূলে সংশ্লিষ্ট নিয়োগকারী প্রতিষ্ঠান নিয়োগপত্র ইস্যু করবেন এবং তদানুযায়ী সুপারিশপ্রাপ্ত প্রার্থীকে সংশ্লিষ্ট আদালতে যোগদান করতে হবে।
- ৩। প্রার্থীর প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতার সকল মূল সনদপত্রের সঠিকতা নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক আবশ্যিকভাবে যাচাই করতে হবে। এ ধরনের যাচাইকালে সুপারিশকৃত প্রার্থীর সনদ যথাযথ নয় মর্মে প্রতীয়মান হলে নিয়োগকারী কর্তৃপক্ষ পরবর্তী ব্যবস্থা গ্রহণ করবেন।
- ৪। সংশ্লিষ্ট প্রার্থীর চাকুরী স্থায়ীকরণের জন্য প্রযোজ্য ক্ষেত্রে 'জেলা জজ ও অধস্তন আদালতসমূহ এবং বিভাগীয় বিশেষ জজ আদালতসমূহ (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ১৯৮৯' অথবা 'জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটসী ও মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেটসীর আদালতসমূহ (সহায়ক কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০০৮' এর শিক্ষানবিস সংক্রান্ত সংশ্লিষ্ট বিধি অনুসরণ করতে হবে।
- ৫। সরকারী কর্মচারী (আচরণ) বিধিমালা, ১৯৭৯ এর ১৩(১) বিধি অনুযায়ী সুপারিশপ্রাপ্ত প্রার্থীগণকে চাকরিতে যোগদান করার সময় নিয়োগকারী কর্তৃপক্ষের নিকট তাঁর এবং তাঁর পরিবারের সদস্যদের (স্বামী/স্ত্রী) মালিকানাধীন স্থাবর-অস্থাবর সম্পত্তির বিবরণ জনপ্রশাসন মন্ত্রণালয়ের নির্ধারিত ফরম (কমিশন ওয়েবসাইটে প্রদর্শিত) পূরণ করে জমা দিতে হবে;
- ৬। সংশ্লিষ্ট নিয়োগকারী কর্তৃপক্ষ তার অধীনস্থ সুপারিশকৃত প্রার্থীদের নিয়োগ কার্যক্রম সম্পন্ন হওয়ার ১৫ (পনেরো) কর্মদিবসের মধ্যে যোগদান ও সম্পদের হিসাব বিবরণী দাখিল সংক্রান্ত তথ্য বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন সচিবালয় বরাবর প্রেরণ করবেন।

০৬.০১.২০২৬

(এ.জি.এম. আল মাসুদ)

সভাপতি

অধস্তন আদালতসমূহের শূন্যপদে সরাসরি নিয়োগ সংক্রান্ত বাছাই কমিটি

ও

সচিব, বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন।

প্রাপক :

নিয়োগকারী কর্তৃপক্ষ

ও

জেলা ও দায়রা জজ, টাঙ্গাইল।

অনুলিপি বিতরণ :

- ১। অমিত চক্রবর্তী, বড়াইল, উলুহাটী-২২৯১, নান্দাইল, ময়মনসিংহ;
- ২। অফিস কপি।